দৈনিক বাংলা

তারিখ ... 27.7.83 ...
পৃষ্ঠা ... ... ... 5 কলাম 4 ... ...

C56

# প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ

সরকার প্রাথমিক শিক্ষকদের জন্য উন্নতমানের প্রশিক্ষণ-ব্যবস্থা চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই প্রশিক্ষণ কোর্স এক বছরের পরিবর্তে দু' বছর মেয়াদী হবে। প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার উন্নয়ন, উচ্চতর প্রশিক্ষণ ও প্রাথমিক শিক্ষক-দের শিক্ষাগত অভিজ্ঞতা বৃদ্ধি করাই এ কর্মসূচীর লক্ষ্য।

সামগ্রিকভাবে শিক্ষার মানোন্নয়ন আমাদের লক্ষ্য। প্রাথমিক প্রশিক্ষা যতে শিক্ষা-জীবনের ভিত সঠিকভাবে প্রস্তুত করতে পারে, সেজন্যে প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের আয়োজন অবশ্যই বিশেষ গুরুত্বপূর্ণ।

সত্যি বলতে, প্রাথমিক শিক্ষার অধ্যায়টা আমাদের দেশে বেশ উপেক্ষিত, বিশেষ করে গ্রামাঞ্চলে। শিক্ষাগত অবস্থার সর্বত্র এই উপেক্ষার ছাপ। প্রয়োজন অনুপাতে শিক্ষক নেই, আসবাব-পত্র, লাইব্রেরী এমন কি কোথাও কোথাও স্কুলের ঘর পর্যন্ত নেই। রাজধানীর দামী দামী কয়েকটা কিন্ডারগার্টেন দেখে দেশের প্রাথমিক শিক্ষার অবস্থা আন্দাজ করা যায় না। রাজধানীরই সব প্রাথমিক বিদ্যালয়ের অবস্থা সন্তোষজনক নয়। দেশের অন্যান্য জায়গায় তো কথাই নেই। বিশেষ করে মফস্বল শহর এবং পল্লী অঞ্চলের বিদ্যালয়গুলির অবস্থা শোচনীয়। শিক্ষা-গত অবস্থা এমন করুণ হলে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকরাও ভাল করে পড়াতে পারবেন কিনা সে ব্যাপারে সন্দেহ থেকে যায়।

প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণের মানোন্নয়ন কর্মসূচী অবশ্যই অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ। শিক্ষার ভিত দৃঢ় করার জন্যেই এর প্রয়োজন। একজন প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকই একাজ দক্ষতার সঙ্গে করতে পারেন। তবে শিক্ষার সুষ্ঠু ব্যবস্থা গড়ে তোলার জন্যে শিক্ষকদের প্রশিক্ষণই একমাত্র ব্যবস্থা নয়, একথাও ঠিক। শিক্ষাপ্রতিষ্ঠানগুলি চলছে কিনা দেখতে হবে। না চললে কেন চলছে না, খোঁজ করতে হবে। অসুবিধাগুলি দূর করার চেষ্টা করতে হবে।